

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩১/০৭ মে ২০২৪

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০২৩.১৫-২৫৯—যেহেতু নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৫, ২৬ ও ২৭নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব সানিয়া সাউদ-কে টিসিবি পণ্য বিতরণকালে শারীরিকভাবে আঘাত করার অভিযোগ পাওয়া গিয়েছে;

যেহেতু, তাকে তার স্থায় পদ হতে অপসারণের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ধারা ১৩ এর উপ-ধারা (৩) এর অধীন কার্যক্রম আরম্ভ করা হইয়াছে;

সেহেতু, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ সামসুজ্জোহা-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী তার স্থায় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ শামছুল ইসলাম  
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৫৭৭)

মূল্য : টাকা ৪.০০